AQA

# GCSE
# BENGALI

# H

Higher Tier Paper 1 Listening Test Transcript

Wednesday 5 June 2024 Afternoon Time allowed: 45 minutes approximately
(including 5 minutes' reading time before the test)

**FOR INVIGILATOR'S USE ONLY**

**The pauses are pre-recorded for this test**.

This is what you should do for each item.
- After the question number is announced, there will be a pause to allow you to read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- When the next question is about to start you will hear a bleep like this (*).
- You may write at any time during the test.
- In **Section A**, answer the questions in **English**. In **Section B**, answer the questions in **Bengali**.
- You must answer **all** the questions in the spaces provided. Do **not** write outside the box around each page or on blank pages.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- **Ask any questions now. You must not ask questions or interrupt during the test.***
- You now have five minutes to read through the question paper. You may make notes during this time. You may open your answer book now.
- **The test starts now**.

Once the test has started, the invigilator must not pause it **at any time** as all pauses, including the five minutes' reading time, are pre-recorded.

*If candidates ask any questions at this point, the invigilator should pause the recording until the questions have been answered. The recording should then be restarted.

## Section A

Questions and answers in **English**

**0 1** **F1** ‘শাপলা’ নামের একটি অ্যাপ বাংলা সংবাদপত্র পড়ার জন্য তৈরি করা হয়েছে। এই অ্যাপে বাংলাদেশের প্রধান দশটি বাংলা দৈনিক সংবাদপত্রের সংবাদ পড়া সম্ভব। তবে অন্যান্য বিষয়ের খবরের পাশাপাশি এই অ্যাপে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সংবাদ পড়ার সুযোগ থাকলে ভালো হতো।

**0 2** **M2** বাংলাদেশের আরেকটি অ্যাপ হলো ‘ডকটাইম’। কেউ অসুস্থ হলে চিকিৎসা সেবার এই অ্যাপ ব্যবহার করে সব সময় ডাক্তারের পরামর্শ নেওয়া যায়। বিশ্বের বিভিন্ন দেশে অনেক বাংলাদেশি থাকলেও দেশের বাইরে থেকে এই অ্যাপ ব্যবহারের সুযোগ নেই।

**0 3** **F2** এ বছরে মুক্তি পেয়েছে প্রেম, হাসি, কান্না, গোয়েন্দা-গল্প ও দুঃসাহসিক অভিযান নিয়ে বানানো চলচ্চিত্র। দর্শক জনপ্রিয়তায় এ বছর সবচেয়ে এগিয়ে রোমাঞ্চকর চলচ্চিত্রগুলো। তবে তেমন সাড়া জাগায়নি প্রেমের চলচ্চিত্র। আর পছন্দের তালিকায় এই দুই ধরনের চলচ্চিত্রের মাঝে জায়গা করে নিয়েছে গোয়েন্দা কাহিনিগুলো।

**0 4** **M1** গত বছর আমরা স্কুল-ক্লাবের পক্ষ থেকে স্কুলে শাকসবজির বাগান করেছিলাম। এখন এই বছরের পরীক্ষার্থীদের ব্যবহৃত পুরনো বই আগামী বছরের ছেলেমেয়েদেরকে দিচ্ছি। ঠিক করেছি আগামীতে স্কুলে ময়লা ফেলার পাত্রের ব্যবস্থা করবো।

**0 5** **F1** এখন বাংলা নববর্ষ একটি আন্তর্জাতিক উৎসব। শুধু বাংলাদেশে নয়, দেশের বাইরে কলকাতা, লন্ডন এমন সব শহরে লোকজন উদ্‌যাপন করে। বিশ্বের যেখানেই বাঙালি, সেখানেই বাংলা নববর্ষ উদ্‌যাপিত হয়।

**0 6** **M2** বাংলাদেশে নববর্ষের দিনে প্রথাগত পোশাক পরে লোকজন বৈশাখি মেলায় গিয়ে গান-বাজনা করে, বাঙালি সংস্কৃতির খাবার খায়। তবে এই উদ্‌যাপনের প্রাণ হলো আনন্দ মিছিল।

**0 7** **F2** আমি একটি হোটেলের রিসেপশনিস্ট হিসেবে এক বছরেরও কম সময় হলো কাজ শুরু করেছি। আমার এই কাজটি খণ্ডকালীন। হোটেলে অনেক অতিথি এলেও আমি তাঁদের হাসিমুখে সেবা করি। কখনও বিরক্ত হই না। তাঁদের অনেকেই জমকালো পোশাকে হোটেলে আসেন। আর আমি সাধারণ পোশাক পরি নিয়ম অনুসারে।

**0 8** **M1** বাংলাদেশের একটি প্রতিষ্ঠান দক্ষিণ কোরিয়া ও জাপানে রোবট পাঠাচ্ছে। রোবট টেকনোলজি শিক্ষা বেশ ব্যয়বহুল। তাই দেশে রোবট টেকনোলজি শেখানোর জন্য এরা তৈরি করেছে ‘গরিবট’ বা গরিবের রোবট, যা মোটেও ব্যয়বহুল নয়।

0 9 **F1** শুধু কি তাই! বাংলাদেশে এক তরুণ তৈরি করছে রোবোটিক হাত। তার বানানো রোবোটিক হাতটিকে মানুষের মগজের তথ্য দিয়ে নড়াচড়া করানো সম্ভব।

1 0 **M2** দারুণ তো! বাংলাদেশের আরেকটি ব্যবসা প্রতিষ্ঠান তাদের তৈরি করা টেলিভিশন বিভিন্ন দেশে পাঠাচ্ছে। প্রতিষ্ঠানটির মতে তাদের সফলতার কারণ হলো উন্নত প্রযুক্তির টেলিভিশন।

1 1 **M1** অস্ট্রেলিয়ার রান্না বিষয়ক টেলিভিশন অনুষ্ঠান 'গ্রেট শেফ' ২০২৩ সালের প্রতিযোগিতায় বিজয়ী হয়েছিলেন বাংলাদেশের মেয়ে সামিয়া। চূড়ান্ত প্রতিযোগিতায় তিনি একটি বিয়ের কেইক তৈরি করেন এবং সেটি নিজের বিয়ের গহনা দিয়ে সাজান।

1 2 **M1** সেই সামিয়া আবারও বিয়ে করেছেন! প্রথমবার তাঁর বিয়ে হয়েছিলো অভিভাবকের পছন্দে।

1 3 **M1** সামিয়া বলেন যে একজন অচেনা মানুষকে বিয়ে করা কঠিন। স্বামী-স্ত্রীর সম্পর্কে ভালোবাসা আর সুখ আনতে হলে দুজনকেই ধৈর্যশীল হতে হবে।

1 4 **F1** আমি বড়ো হয়ে কেমন পরিবারে থাকবো? আমার মতে স্বামী-স্ত্রী আর সন্তান, এমন একটি পরিবার। পরিবারের সদস্য অল্প কয়েকজন হলে প্রাণবন্ত জীবন কাটানো যায়।

1 5 **M2** আমি তো মনে করি একটি সুখী পরিবার গড়ে তুলতে হলে বয়স্কদেরও সাথে থাকতে হবে। তাহলে একে অপরের দেখাশোনা করে আনন্দে সময় কাটানো যাবে।

1 6 **F2** বড়ো পরিবারে কাজ ভাগাভাগি করে একে অপরের সহায়তা করে ভালো থাকা যায় এটা ঠিক, তবে আমি মনে করি শ্বশুরবাড়ির লোকজনের সাথে মানিয়ে নিতে গিয়ে প্রীতিকর নয় এমন ঘটনা ঘটতে পারে।

1 7 **M1** প্রত্যেক মানুষই স্বাধীন। আমার তো মনে হয় পরিবার মানেই কলহ আর একে অপরকে বিব্রত করা।

1 8 **F1** আজকাল বাংলাদেশে ছাপানো পাঠ্যপুস্তকে ব্যবহার করা ছবিগুলোতে পুরুষ-স্ত্রীর সাম্যতা আনার চেষ্টা করা হচ্ছে। সেই উদ্দেশ্যে বাংলা বইয়ের প্রথম থেকে শেষ পর্যন্ত প্রায় প্রতিটি পাতার ছবিতে ছেলে ও মেয়েশিশুর সমান উপস্থিতি রয়েছে। এমনকি বিশেষ করে যেসব ছেলেমেয়েদের শারীরিক বা মানসিকভাবে অতিরিক্ত সহায়তা দরকার তাদের ছবিও আছে। তবে কোনো কোনো বইতে আঁকা ছবিগুলোতে এখনও তরুণ ও বৃদ্ধদের বৈষম্য চোখে পড়ার মতো। এর পাশাপাশি ইতিহাস ও সমাজবিজ্ঞান বইয়ে ব্যবহার করা ঐতিহাসিক ঘটনার ছবিগুলো নিয়ে কেউ কেউ অভিযোগ করেছেন।

Turn over ▶

**1 9** **M1** ঋতুভেদে মানুষের পোশাক আলাদা হয়ে থাকে। কোনো কোনো ক্রেতাদের ক্ষেত্রে দেখা যায় যে তাঁরা এক ঋতুর শেষের দিকে সেই ঋতুর পোশাকের কেনাকাটা করছেন। এতে ভালো ও মন্দ দুটি ব্যাপারই জড়িত। একেকটি ঋতুর শেষের দিকে পোশাকের দোকানগুলোতে মূল্যহ্রাস থাকে। তবে সেসময় পোশাকগুলো কিনলেও পরার জন্য পরের বছরের সেই ঋতু পর্যন্ত অপেক্ষা করতে হয়।

**2 0** **F2** আমি সালমা। বিশ্বের সবচেয়ে দূষিত বায়ুর পাঁচটি শহরের তালিকায় ঢাকার নাম আছে। কোনো দিন বা সময়ে কখনও ঢাকা, দিল্লি, কলকাতা, লাহোর আর করাচির নাম শোনা গেলেও বেশি বায়ু দূষণের ক্ষেত্রে দিল্লি সবচেয়ে ওপরে। এসব শহরের স্কুলগামী ছেলেমেয়েদের কষ্ট করে স্কুলে যেতে হয়।

**M2** আমি জামিল। হ্যাঁ, শহরগুলোর তালিকায় ঢাকা, করাচি, লাহোর ও কলকাতা থাকলেও দিল্লিতে বায়ু দূষণ এতো বেশি হয় যে কিছুদিনের জন্য বিদ্যালয়গুলো বন্ধ থাকে।

**F1** আমি নিনা। শুধু স্কুলগামী ছেলেমেয়েদেরই নয়, শিশুদেরও বায়ু দূষণের কারণে কষ্ট হচ্ছে। বিশ্বের কম বায়ু দূষণের শহরগুলোর মতো ঢাকা, দিল্লি, কলকাতা, লাহোর ও করাচিতেও আইন করে বায়ু দূষণ বন্ধ করতে হবে।

**2 1** **F2** আমি শুনেছি বাংলাদেশের প্রযুক্তিকে কাজে লাগিয়ে ইংল্যান্ডে বানানো হবে পাটের তৈরি 'সোনালি ব্যাগ'। 'সোনালি ব্যাগ' সহজেই পচে মাটিতে মিশে যায় তাই এটা পরিবেশবান্ধব। এই আবিষ্কার নিয়ে একজন মজা করে বলছিলো বাঙালির মাথায় চুলভর্তি বুদ্ধি!

**2 2** **M1** চুলের কথায় মনে পড়লো! বাংলাদেশ বা ইংল্যান্ডে নয়, তবে বেলজিয়ামে পরিবেশ রক্ষায় বিভিন্ন সেলন থেকে মানুষের চুল সংগ্রহ করে তা দিয়ে বানানো হচ্ছে ম্যাট। এসব ম্যাট পানির দূষণ কমাতে পারে।

**2 3** **F1** হ্যাঁ, আমিও শুনেছি সুইডেনের পরিবেশ রক্ষায় চুল দিয়ে তৈরি এ ধরনের ম্যাট ও ব্যাগ ব্যবহার করা হচ্ছে। এসব ম্যাট ও ব্যাগ খুব শক্তিশালী। এর কারণ হলো একটি চুল সেটির ওজনের এক কোটি গুণ ভার নিতে পারে!

**2 4** **M2** বাংলাদেশের আনাচে-কানাচে বেড়ে ওঠা শজনে গাছ বা ড্রামস্টিক ট্রি 'মিরাকেল ট্রি' হিসেবে পরিচিত। এই গাছের ফল-শজনে ডাঁটা ও পাতায় যেমন আছে পুষ্টি তেমনি আছে অনেক খনিজ বস্তু। আপনি শ্বাসকষ্ট কমাতে এক কাপ শজনের স্যুপ আর ত্বকের সমস্যা দূর করতে নিয়মিত শজনে ডাঁটার ঝোল খেতে পারেন।

## Section B

Questions and answers in **Bengali**

**2 5** **M2** আমি মামুন। স্কুলে কোনো কোনো টিচার ভালো ফলাফলের জন্য ক্লাসে কঠিন নিয়ম-কানুন মেনে পড়ান। আমার যেসব টিচার মজা করে শেখান তাঁদের লেসন ভালো লাগে।

**F1** আমি নীলা। হ্যাঁ, অনেক টিচারই খুব কড়া বা মজার হন। কেউ কেউ লেসনের জন্য তৈরি হয়ে আসেন। আমি মনে করি ছেলেমেয়েদের পরীক্ষায় ভালো ফলাফলের জন্য তৈরি করাই বেশি দরকারি।

**2 6** **M1** চোখের ব্যায়াম করতে স্ক্রিন ব্যবহারের সময় ২০ মিনিট পর পর এর ব্যবহার বন্ধ রেখে, ২০ ফুট দূরের কিছু একটার দিকে ২০ সেকেন্ড ধরে তাকিয়ে থাকুন। নিয়মিত কমলা ও হলুদ রঙের সবজি এবং ছোটো মাছ খাওয়া চোখের জন্য ভালো। নিয়ম করে বছরে একবার চোখের ডাক্তার দেখান।

**2 7** **M2** আমি নাজমুল। শব্দের বানানের ব্যাপারে ব্রিটিশ আর অ্যামেরিকান ইংরেজিতে পার্থক্য আছে। ব্রিটিশ ইংরেজ পণ্ডিত জনসন ১৭৫৫ সালে প্রথম ইংরেজি ভাষার অভিধান লেখেন। জনসনের লেখা অভিধানে ছিলো জ্ঞানী মানুষের ব্যবহৃত শব্দমালা।

**F1** আমি মুনিয়া। অন্যদিকে অ্যামেরিকানদের জন্য নোয়াহ্ ওয়েবস্টার ১৮২৮ সালে প্রথম ইংরেজি অভিধান প্রকাশ করেন। জনসন যেখানে আশেপাশের বই, নথি থেকে বানান নিয়ে অভিধান লিখেছেন, সেখানে ওয়েবস্টার তাঁর অভিধানের বানানে গুরুত্ব দিয়েছেন সাধারণ মানুষের বলা ও শোনার ওপর। ম্যারিয়াম-ওয়েবস্টার অভিধান আসলে ওয়েবস্টারের পরিবর্তিত সংস্করণ।

**2 8** **F2** গোসল করা বা শরীর ধোয়া সামাজিক রীতির একটি অংশ। কিন্তু শীতকালে অনেকেরই প্রতিদিন গোসল করায় আলসেমি আসে। বিজ্ঞান অবশ্য প্রতিদিন গোসল করার পক্ষে নয়। আমাদের ত্বক বা চামড়া নিজে থেকেই নোংরা হওয়া থেকে রক্ষা করে। বরং প্রতিদিন গোসল করলে আমাদের ত্বকের উপকারী ব্যাকটেরিয়া ধ্বংস হয় ও এতে ত্বকের তেল ধুয়ে যায়। দীর্ঘক্ষণ গোসল করলে নখ পানি শুষে নিয়ে এর ক্ষতি করে। তাই পরামর্শ হলো গোসল দ্রুত সেরে ফেলা। প্রতিদিন গোসল করারও খুব একটা দরকার নেই।

**END OF TEST**

**There are no questions printed on this page**

**There are no questions printed on this page**

**There are no questions printed on this page**

**Copyright information**

For confidentiality purposes, all acknowledgements of third-party copyright material are published in a separate booklet. This booklet is published after each live examination series and is available for free download from www.aqa.org.uk

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team.

Copyright © 2024 AQA and its licensors. All rights reserved.